গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.০০০.১১৩.১৬.০০০১.১৯.৯

তারিখ: ১২ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
২৬ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: DoICT এর "EDC" প্রকল্পের মাধ্যমে ইন্টারনেট সংযোগ গ্রহণকারী প্রতিষ্ঠানসমূহের ইন্টারনেট ব্যান্ডউইথের মাসিক বিল পরিশোধ সংক্রান্ত

সূত্র: স্বারক নং: ৫৬.০৪.০০০০.১১২.৯৯.০০১.২২.৬৪৬, তারিখ ২৩ জানুয়ারি ২০২৫ এবং
স্বারক নং: ৫৬.০৪.০০০০.১১২.৯৯.০০১.২২.৬৪৪, তারিখ ২৮ নভেম্বর ২০২৪

উপর্যুক্ত বিষয় ও সুত্রের প্রেক্ষিতে জানান যাচ্ছে যে, DoICT এর বাস্তবায়নাধীন "EDC" প্রকল্পে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রেরনকৃত ২৩,০০০ শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা হতে আগ্রহী ২,৩২৩টি প্রতিষ্ঠানে "EDC" প্রকল্প হতে ইন্টারনেট সংযোগ প্রদান করে। নির্ধারিত সময়ের মধ্যে যে সমস্ত প্রতিষ্ঠান ইন্টারনেট সংযোগ গ্রহণ করেনি, তারা EDC প্রকল্প সময় বৃদ্ধি সাপেক্ষে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে ইন্টারনেট সরবরাহকারী প্রতিষ্ঠান (ISP) এর সাথে চুক্তি গ্রহণপূর্বক ইন্টারনেট সংযোগ গ্রহণ করতে পারে।

১। সরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ ইন্টারনেট খাতে নিয়মিত রাজস্ব বরাদ্দ থেকে (অথবা বরাদ্দ থাকা সাপেক্ষে) ইন্টারনেট পরিসেবার মাসিক (MRC) ব্যয় বহন করবে।

২। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ তাদের নিজস্ব আয় থেকে ইন্টারনেট পরিসেবার মাসিক (MRC) ব্যয় বহন করবে।

৩। আগ্রহী শিক্ষা প্রতিষ্ঠানসমূহ বাজারদর/কাঙ্ক্ষিত সেবা/গুণগত মান/সার্বক্ষণিক সেবা (২৪/৭) এবং সংযোগ পরবর্তী মনিটরিং সুবিধা নিশ্চিতকরণ সাপেক্ষে প্রকল্পটির অধীন সংযোগ গ্রহণের সিদ্ধান্ত নিবে। ইন্টারনেট সংযোগ পরবর্তি পরিসেবার গুণগতমান নিশ্চিত সাপেক্ষে উক্ত সেবা অব্যাহত রাখার বিষয়ে স্ব-স্ব প্রতিষ্ঠান সিদ্ধান্ত গ্রহণ করবে।

৪। ইন্টারনেট সংযোগে আগ্রহী প্রতিষ্ঠানসমূহ স্ব-স্ব দায়িত্বে "EDC শীর্ষক প্রকল্প" এর অধীন ইন্টারনেট সরবরাহকারী প্রতিষ্ঠান (ISP) সাথে চুক্তি করার এবং চুক্তি বাতিলের ক্ষমতা রাখে।

DoICT এর বাস্তবায়নাধীন "EDC" প্রকল্প হতে ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ গ্রহণকারী ২,৩২৩টি প্রতিষ্ঠান (তালিকা সংযুক্ত) প্রকল্প এর অধীন ইন্টারনেট সরবরাহকারী প্রতিষ্ঠান (ISP) সাথে চুক্তি করা সম্পন্ন করে ইন্টারনেট পরিসেবার বিল পরিশোধের জন্য অনুরোধ করা হল।

সকল সংযুক্তিসমূহ:

(১) EDC List 2323 EDucation Institute Letter to pay Internet bill 23-01-2025
(২) EDC Project-Secondary School Connected List-17032025-v2
(৩) EDC DoICT Internet Meeting Resolution 11Sept2023
(৪) DG Letter for EDC Project 20Sept2023

CamScanner

২৬-০৩-২০২৫
প্রফেসর ড. মুহাম্মদ আজাদ খান
মহাপরিচালক

প্রকল্প পরিচালক
প্রকল্প পরিচালক এর দপ্তর , ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্প (ইডিসি)।

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.০০০.১১৩.১৬.০০০১.১৯.৯/১ (৫)

তারিখ: ১২ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
২৬ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
২। সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
৩। পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
৪। অধ্যক্ষ/ প্রধান শিক্ষক (সকল কলেজ, স্কুল ও কলেজ, স্কুল), সমগ্র বাংলাদেশ।
৫। উপপরিচালক, সাধারণ প্রশাসন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।

২৭-০৩-২০২৫
মো: ইফতে খারুল ইসলাম
মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার

CamScanner